# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৩৪

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ এই বিষয়ে আরো একটি অনুচ্ছেদ।

## باب مِنْهُ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، حَدَّثَنَا زِيَادُ بْنُ عَبْدِ اللَّهِ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ، عَنْ مُجَاهِدٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " دَخَلَتِ الْعُمْرَةُ فِي الْحَجِّ إِلَى يَوْمِ الْقِيَامَةِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ سُرَاقَةَ بْنِ مَالِكِ بْنِ جُعْشُمٍ وَجَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ . وَمَعْنَى هَذَا الْحَدِيثِ أَنْ لاَ بَأْسَ بِالْعُمْرَةِ فِي أَشْهُرِ الْحَجِّ . وَهَكَذَا قَالَ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَمَعْنَى هَذَا الْحَدِيثِ أَنَّ أَهْلَ الْجَاهِلِيَّةِ كَانُوا لاَ يَعْتَمِرُونَ فِي أَشْهُرِ الْحَجِّ فَلَمَّا جَاءَ الإِسْلاَمُ رَخَّصَ النَّبِيُّ صلى الله عليه وسلم فِي ذَلِكَ فَقَالَ " دَخَلَتِ الْعُمْرَةُ فِي الْحَجِّ إِلَى يَوْمِ الْقِيَامَةِ " . يَعْنِي لاَ بَأْسَ بِالْعُمْرَةِ فِي أَشْهُرِ الْحَجِّ . وَأَشْهُرُ الْحَجِّ شَوَّالٌ وَذُو الْقَعْدَةِ وَعَشْرٌ مِنْ ذِي الْحِجَّةِ لاَ يَنْبَغِي لِلرَّجُلِ أَنْ يُهِلَّ بِالْحَجِّ إِلاَّ فِي أَشْهُرِ الْحَجِّ . وَأَشْهُرُ الْحُرُمِ رَجَبٌ وَذُو الْقَعْدَةِ وَذُو الْحِجَّةِ وَالْمُحَرَّمُ . هَكَذَا قَالَ غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ .

বাংলা

৯৩৪. আহমদ ইবনু আবদা আয্-যাব্বী (রহঃ) ...... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কিয়ামত পর্যন্ত হজ্জের মাসে উমরাও অন্তর্ভূক্ত হয়ে গেছে। - সহিহ আবু দাউদ ১৫৭১, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৩২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে সুরাকা ইবনু মালিক ইবনু জুশুম ও জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে হাদিসটি বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইব্ আব্বাস (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান। এই হাদিসটির মর্ম হলো, হজ্জের মাসসমূহে উমরা করায় কোন অসুবিধা নাই। ইমাম শাফিঈ আহমদ ও ইসহাক (রহঃ) ও এইরূপ মন্তব্য করেছেন। এই

হাদিসটির মর্ম হলো জাহিলী যুগের লোকেরা হজ্জের মাসসমূহের উমরা করত না। ইসলামের আর্বিভাবের পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই বিষয়ে অনুমতি দেন এবং বলেন, কিয়ামত পর্যন্ত হজ্জের মাসে উমরাও অন্তর্ভূক্ত হয়ে গেছে। অর্থাৎ হজ্জের মাসসমূহে উমরা করায় কোন দোষ নাই। হজ্জের মাস হল শাওওয়াল, যুল কা’দা এবং যুল হিজ্জার দশ দিন। হজ্জের মাসগুলি ছাড়া হজ্জের ইহরাম বাধা অনুচিত (তা জায়েজ নয়) আর হারাম মাসগুলো হলো রজব, যুলকা’দা, যুল হিজ্জা ও মুহরারাম। একাধিক সাহাবী ও অপরাপর আলিম থেকে অনুরুপ রিওয়ায়াত বর্ণিত আছে।

## English

Ibn Abbas narrated:
That the Prophet said: "Umrah has been entered into Hajj until the Day of Resurrection."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18123

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন